

জমজমের পানি নিয়ে সৌদি আরবের নতুন নির্দেশনা

- A Monitor Desk Report

Date: 07 September, 2023



সৌদি আরবে উমরাহ ও হজ করতে যাওয়া মুসল্লিদের উদ্দেশে জমজমের পানি পান ও ব্যবহার সংক্রান্ত নতুন নির্দেশনা জারি করা হয়েছে। পবিত্র মক্কা ও মদিনা নগরীর জন্য এই নির্দেশনা কার্যকর থাকবে।

সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের নতুন নির্দেশনায় বলা হয়েছে, মক্কার গ্র্যান্ড মসজিদে মুসল্লিদের জীবাণুমুক্ত নিরাপদ পানি রাখা হয়। তারা যেন পানি সংগ্রহের সময় মুসল্লিদের সঙ্গে ধাক্কাধাক্কি এড়িয়ে চলে, একে অপরের প্রতি সহযোগীতাপূর্ণ মনোভাব পোষণ করে এবং পবিত্র এই পানি নেওয়ার ক্ষেত্রে যেন বয়স্ক ব্যক্তিদের অগ্রাধিকার দেয়।

এছাড়াও পানি পান করার পরে কাপগুলো যেন নির্দিষ্ট জায়গায় ফেলা হয় এবং স্থান পরিষ্কার রাখতে যেন মেঝেতে পানি না ফেলা হয় সেই পরামর্শও দেওয়া হয়েছে।

আরও পড়ুন: [হাব হজের বিমান ভাড়া কমানোর দাবি জানিয়েছে](#)

হজ শেষ হওয়ার পর সৌদি আরবে ওমরাহর মৌসুম শুরু হয়েছে। মুসলমানদের মধ্যে যারা শারীরিক কিংবা আর্থিক কারণে হজ পালন করতে পারেন না, তারা গ্র্যান্ড মসজিদে ওমরাহ করে থাকেন। এখানে আসা বিদেশি মুসলিমদের কাছে জমজমের পানি বিপুল জনপ্রিয়। ফেরার সময় অনেকে স্বজনদের জন্য এই পবিত্র পানি নিয়ে আসেন। তারা নুসুক অ্যাপের মাধ্যমে জমজমের পানির বোতল অর্ডার করতে পারেন।

